MAR. 30 2001

দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# ঢা বি সিন্ডিকেটসহ ৩টি সংস্থায় শিক্ষক প্রতিনিধি নির্বাচনে নীল ৮ ও সাদা ৫ আসনে বিজয়ী

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৬টি, অ্যাকাডেমিক পরিষদের ৬টি এবং ফাইন্যান্স কমিটির ১টিসহ ১৩টি পদের শিক্ষক প্রতিনিধি নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিত নীল দল ৮টি এবং বিএনপি ও জামাত সমর্থিত সাদা দল ৫টি আসনে বিজয়ী হয়েছে। সিন্ডিকেটের ৬টি পদের মধ্যে সাদা দল ৪টি এবং নীল দল ২টি আসন পেয়েছে। নির্বাচনে গোলাপী দল কোন আসন পায়নি। গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে এই

## ঢাবি ঃ নির্বাচন

(১ম পৃষ্ঠার পর)

নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৭৩ সালের অধ্যাদেশ অনুযায়ী প্রতি ২ বছর পর এই নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে সিন্ডিকেটে ১৭ জন প্রতিনিধি নির্বাচন করা হয়। এর মধ্যে ৬ জন শিক্ষক প্রতিনিধি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সরাসরি ভোটে নির্বাচিত হন। এ ৬ জনের মধ্যে একজন ডিন, একজন প্রভোস্ট, একজন অধ্যাপক, একজন সহযোগী অধ্যাপক, একজন সহকারী অধ্যাপক ও একজন প্রভাষক। অ্যাকা-ডেমিক পরিষদের ৬টি পদের মধ্যে ৩ জন সহযোগী অধ্যাপক ও ৩ জন সহকারী এবং প্রভাষক পদে নির্বাচিত হন।

সিন্ডিকেটের ৬টি পদের মধ্যে সাদা দলের ৪ জন বিজয়ী প্রার্থী হলেন প্রভোস্ট পর্যায়ে ড. আ.ফ.ম ইউসুফ হায়দার (৫৪০), অধ্যাপক পর্যায়ে অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান (৪৮০), সহকারী অধ্যাপক হিসেবে মো. মুহব্বত আলী (৪৯৮), প্রভাষক পর্যায়ে মো. হাসানুজ্জামান (৫৫৭)।

নীল দলের ২ জন বিজয়ী শিক্ষক হলেন ডিন পর্যায়ে অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ (৪৯৪), সহযোগী অধ্যাপক হিসেবে শরিফ উল্লাহ ভুঁইয়া (৪৬৫)। অ্যাকাডেমিক পরিষদে নীল দলের ৫ জন বিজয়ী শিক্ষক হলেন ড. মুহাম্মদ আবদুস সামাদ (কবি মুহাম্মদ সামাদ) (৪৫৯), ড. মো. আখতারুজ্জামান (৪৯০), ড. মো. আবদুল মালেক (৪৬৯), ড. এ. এফ. এম আবদুল মঈন(৫১৭), প্রভাষক এ.এস.এম মাকসুদ কামাল (৪৪৬) আর সাদা দলের একজন বিজয়ী শিক্ষক হলেন তাহমিনা আখতার (৪৬৮)।

ফাইন্যান্স কমিটির ১টি পদে বিজয়ী প্রার্থী হলেন নীল দলের ড. এস.এম মাহফুজুর রহমান।

১০৭৪টি ভোটের মধ্যে কাস্ট হয়েছে ৯৭৪টি ভোট। নির্বাচন কমিশন হিসেবে দায়িত্ব পালন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবুল হাশেম।

এদিকে সিন্ডিকেটে নীল দলের পরাজয়ের কারণ হিসেবে নীল দলের শীর্ষস্থানীয় কয়েকজন শিক্ষক মন্তব্য করেছেন অভ্যন্তরীণ কোন্দলের কারণেই তাদের এই পরাজয়। তবে তাদের কাছে ওই পরাজয় জাতীয় নির্বাচনে কোন প্রভাব ফেলবে কিনা জানতে চাইলে তারা বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন নির্বাচন জাতীয় রাজনীতিতে প্রভাব ফেলতে পারে না। কারণ জাতীয় নির্বাচনের তুলনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্বাচন খুবই ক্ষুদ্র। তবে এ পরাজয়ের জন্য আওয়ামী লীগ সরকারের অনেকটা ক্ষতি হয়েছে।

সাদা দলের শিক্ষকদের মন্তব্য হচ্ছে, এই নির্বাচনের মাধ্যমে প্রমাণ হলো আগামী জাতীয় নির্বাচনে বিএনপি জয়লাভ করবে।